রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বুধবার, মে ২৯, ২০২৪**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
কমিটি বিষয়ক অধিশাখা
www.cabinet.gov.bd

**প্রজ্ঞাপন**

ঢাকা, ১৩ জ্যৈষ্ঠ ১৪৩১ বঙ্গাব্দ/ ২৭ মে ২০২৪ খ্রিষ্টাব্দ

নম্বর ০৪.০০.০০০০.৬১১.০৬.০০১.২৪ ৯৯—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার **'সংবিধিবদ্ধ সরকারি কর্তৃপক্ষ, স্ব শাসিত সংস্থা ও রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানের উদ্‌বৃত্ত কর্মচারী আত্তীকরণ আইন**, ২০২৪ **এর খসড়া যাচাই বাছাই সংক্রান্ত কমিটি'** নিম্নরূপে গঠন করেছে:

(ক) **কমিটির গঠন**

| | | |
|---|---|---|
| (১) | মন্ত্রী আইন বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় | আহ্বায়ক |
| (২) | মন্ত্রী জনপ্রশাসন মন্ত্রণালয় | সদস্য |
| (৩) | মন্ত্রিপরিষদ সচিব | সদস্য |
| (৪) | প্রধানমন্ত্রীর মুখ্য সচিব | সদস্য |
| (৫) | সচিব অর্থ বিভাগ | সদস্য |
| (৬) | সচিব লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ | সদস্য |
| (৭) | সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় | সদস্য সচিব |

এ কমিটিতে 'সচিব' বলতে সিনিয়র সচিবও অন্তর্ভুক্ত হবেন।

(খ) **কমিটির কার্যপরিধি**

(১) 'সংবিধিবদ্ধ সরকারি কর্তৃপক্ষ স্বশাসিত সংস্থা ও রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানের উদ্‌বৃত্ত কর্মচারী আত্তীকরণ আইন ২০২৪' আইনটি 'সরকারি চাকরি আইন ২০১৮' এবং 'উদ্‌বৃত্ত সরকারি কর্মচারী আত্তীকরণ বিধিমালা ২০২০' এর সাথে সাংঘর্ষিক কিনা তা যাচাই বাছাই করা; এবং

(২) সংশ্লিষ্ট অন্যান্য বিষয়াদি।

(গ) কমিটি প্রয়োজনে যে কোনো কর্মকর্তা/ব্যক্তিকে কমিটির সভায় উপস্থিত থাকার জন্য আহ্বান জানাতে পারবে।

(ঘ) কমিটি প্রয়োজন অনুযায়ী একাধিকবার বৈঠকে মিলিত হবে।

(ঙ) জনপ্রশাসন মন্ত্রণালয়ের সংগঠন ও ব্যবস্থাপনা অনুবিভাগ এ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

চ এতৎসংক্রান্ত বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের ৩১ মে ২০২৩ তারিখের ০৪.০০.০০০০.৬১১. ০৬.০০২.২৩.৮৩ নম্বর স্মারকে জারিকৃত প্রজ্ঞাপন বাতিল বলে গণ্য হবে।

০২। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(মোহাম্মদ আশরাফুজ্জামান ভূঁইয়া)
উপসচিব (কমিটি)
ফোন: ৯৫১১০৮১
e-mail: ca_sec@cabinet.gov.bd

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব) বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd